

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৭১৭

১. পবিত্রতা (كتاب الطهارة) পরিচ্ছেদঃ ৬৬. মোজাদ্বয়ের উপর মসেহ করা

بَابٌ الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ

আরবী

حَدَّثَنَا الْقَاضِي الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ ، نَا أَبُو مُعَاوِيَةَ ، وَعِيسَى بْنُ يُونُسَ ، قَالَا : " بَالَ جَرِيرٌ ، ثُمَّ تَوَضَّأَ وَمَسَحَ عَلَى خُفَّيْهِ ، فَقِيلَ لَهُ : أَتَفْعَلُ هَذَا وَقَدْ بُلْتَ ؟! قَالَ : نَعَمْ ؛ رَأَيْتُ رَسُولَ اللَّهِ _ وَمَسَحَ عَلَى خُفَيْهِ " . ، قَالَ الْأَعْمَشُ ، قَالَ عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ بَالَ ثُمَّ تَوَضَّأً ، وَمَسَحَ عَلَى خُفَيْهِ " . ، قَالَ الْأَعْمَشُ ، قَالَ إِبْرَاهِيمُ : فَكَانَ يُعْجِبُهُمْ هَذَا الْحَدِيثُ ؛ لِأَنَّ جَرِيرًا كَانَ إِسْلَامُهُ بَعْدَ نُزُولِ الْمَائِدَةِ . هَذَا إِبْرَاهِيمُ : فَكَانَ يُعْجِبُهُمْ هَذَا الْحَدِيثُ ؛ لِأَنَّ جَرِيرًا كَانَ إِسْلَامُهُ بَعْدَ نُزُولِ الْمَائِدَةِ . هَذَا وَقَدْ حَدِيثُ أَبِي مُعَاوِيةَ ، وَقَالَ عِيسَى بْنُ يُونُسَ : فَقِيلَ لَهُ : يَا أَبَا عَمْرٍ و ، أَتَفْعَلُ هَذَا وَقَدْ عَلَى خُفَيْهِ " . ، فَكَانَ بَعْدَ نُزُولِ الْمَائِدَةِ . هَذَا بُلُتَ ؟! فَقَالَ : وَمَا يَمْنَعُنِي ، وَقَدْ رَأَيْتُ رَسُولَ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ يَمْسَحُ عَلَى خُفَيْهِ ، فَكَانَ أَصْحَابُ عَبْدِ اللَّهِ يُعْجِبُهُمْ ذَلِكَ ؛ لِأَنَّ إِسْلَامُهُ كَانَ بَعْدَ نُزُولِ الْمَائِدَةِ عَلَى خُفَيْهِ ، فَكَانَ أَصْحَابُ عَبْدِ اللَّهِ يُعْجِبُهُمْ ذَلِكَ ؛ لِأَنَّ إِسْلَامَهُ كَانَ بَعْدَ نُزُولِ الْمَائِدَةِ عَلَى خُفَيْهِ ، فَكَانَ أَصْحَابُ عَبْدِ اللَّه يُعْجِبُهُمْ ذَلِكَ ؛ لِأَنَّ إِسْلَامَهُ كَانَ بَعْدَ نُزُولِ الْمَائِدَةِ عَلَى خُفَيْهِ ، فَكَانَ أَصْحَابُ عَبْدِ اللَّه يُعْجِبُهُمْ ذَلِكَ ؛ لِأَنَّ إِسْلَامَهُ كَانَ بَعْدَ نُرُولِ الْمَائِدَةِ

বাংলা

৭১৭(১). আল-কাষী আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... হাম্মাম (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, জারীর (রাঃ) পেশাব করেন, তারপর উযু করেন এবং নিজের মোজাদ্বয়ের উপর মসেহ করেন। তাকে বলা হলো, আপনি এটা করলেন, অথচ আপনি পেশাব করেছেন? তিনি বলেন, হাঁ, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি যে, তিনি পেশাব করলেন, তারপর উযু করলেন এবং নিজের মোজাদ্বয়ের উপর মসেহ করলেন।

আল-আমাশ (রহঃ) বলেন, ইবরাহীম বলেছেন, এই হাদীস তাদের নিকট বিস্ময়কর মনে হতো। কেননা জারীর (রাঃ) সূরা আল-মাইদা নাযিল হওয়ার পর ইসলাম গ্রহণ করেন। এটি আবু মুয়াবিয়ার হাদীস। আর ঈসা ইবনে ইউনুস (রহঃ) বলেন, তাকে বলা হলো, হে আবু আমর! আপনি এটা করলেন, অথচ আপনি পেশাব করেছেন? তিনি বলেন, (তা করতে) আমাকে কিসে বাধা দিবে? নিশ্চয়ই আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে তার মোজাদ্বয়ের উপর মসেহ করতে দেখেছি। আবদুল্লাহ (রাঃ)-এর সঙ্গীগণ তাতে অবাক হন। কেননা জারীর (রাঃ) সূরা আল-মাইদা নাযিল হওয়ার পর ইসলাম গ্রহণ করেছেন।



হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হাম্মাম (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন